

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা  
[ আবগারি শুল্ক ]  
প্রজ্ঞাপন

তারিখ: ৩ কার্তিক, ১৪১৭ বঙ্গাব্দ / ১৮ অক্টোবর, ২০১০ খ্রিস্টাব্দ  
এসআরও নং-৩৫০-আইন/২০১০/৩০৬-আবগারি।- Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 37 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭/১০ জুন, ২০১০ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং-২১৫-আইন/২০১০/৩০৩-আবগারি রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:

১। **সংশ্লিষ্ট শিরোনাম।**- এই বিধিমালা বিমান টিকিটের ওপর আবগারি শুল্ক আদায় বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) “আইন” অর্থ Excises and Salt Act, 1944 (I of 1944);

(খ) “আবগারি শুল্ক” অর্থ আইনের section 3 এর অধীন ধার্যকৃত ও আদায়যোগ্য আবগারি শুল্ক;

(গ) “বিক্রয়” অর্থ আইনের section 2 এর clause (o) তে সংজ্ঞায়িত বিক্রয়;

(ঘ) “বিমান টিকিট” অর্থ বাংলাদেশে অবস্থিত কোনো বিমান সংস্থা কর্তৃক বিক্রয়কৃত টিকিট;

(ঙ) “বিমান সংস্থা” অর্থ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং বাংলাদেশে সেবাদানকারী অন্যান্য বেসরকারি ও বিদেশি বিমান সংস্থা বা এয়ার লাইন;

(চ) “যাত্রী” অর্থ অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক রুটে ভ্রমণকারী বাংলাদেশি অথবা বিদেশি কোনো ব্যক্তি।

৩। **আবগারি শুল্ক আদায় পদ্ধতি।**- (১) আইনের section 3 এর sub-section (1) এর অধীন এবং, উহার সহিত পঠিতব্য, section 12A এর sub-section (1) এর অধীন সরকার কর্তৃক সময় সময় জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী আদায়যোগ্য আবগারি শুল্ক সংশ্লিষ্ট বিমান সংস্থা বিমানে আরোহনকৃত যাত্রীর ওপর প্রযোজ্য আবগারি শুল্ক উভয়নের পূর্বে আদায় নিশ্চিত করিবে।

পূ(২) উপ-বিধি (১) এর অধীন আবগারি শুল্ক আদায়ের পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা সরকারি হিসাব নং “০১/১১৩৩/---- (সংশ্লিষ্ট কমিশনারেট এর কোড)/০৬০১” তে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবে।

পূ(৩) উপ-বিধি (২) এর বিধান মোতাবেক জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালানের একটি অনুলিপি সহ আবগারি শুল্ক আদায়ের বিবরণ সংবলিত একটি প্রতিবেদন পরিশিষ্ট ‘ক’ এ বর্ণিত ছকে পরবর্তী মাসের ত্রিশ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিবে।

৪। **আবগারি শুল্ক ফেরত।**- (১) যদি কোনো কারণে কোনো ফ্লাইট বাতিল হয় এবং বাতিলকৃত টিকিটের মূল্য যাত্রীকে ফেরত প্রদানের প্রয়োজন হয় অথবা যাত্রী তাহার ভ্রমণ বাতিল

<sup>১</sup> আবগারি এসআরও নং-৩১১, তারিখ: ২৯/০৬/২০১১।

<sup>২</sup> আবগারি এসআরও নং-৩১০, তারিখ: ০৯/০৬/২০১১।

করিয়া টিকিটের মূল্য ফেরত গ্রহণ করিতে চাহেন, সেই ক্ষেত্রে বিমান সংস্থা যাত্রীর নিকট হইতে আদায়কৃত আবগারি শুল্কের সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট যাত্রীকে ফেরত প্রদান করিবে।

১(২) উপ-বিধি (১) অনুসারে কোনো যাত্রীকে আবগারি শুল্কের অর্থ ফেরত প্রদান করা হইলে উক্ত বিমান সংস্থা আবগারি শুল্ক ফেরত প্রদানের বিবরণ সংশ্লিষ্ট বিমান সংস্থা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরিতব্য প্রতিবেদনে উল্লেখ করিবে।]

৫। বিমান সংস্থা কর্তৃক হিসাব সংরক্ষণ।- বিমান সংস্থা বিধি ২ এ বর্ণিত আবগারি শুল্ক আদায় এবং বিধি ৪ এ বর্ণিত আবগারি শুল্ক বাবদ ফেরত প্রদানের যথাযথ হিসাব, মাস ভিত্তিতে, নিজ দপ্তরে সংরক্ষণ করিবে।

৬। অপরাধ ও দণ্ড।- কোনো বিমান সংস্থা এই বিধিমালার কোনো বিধান লংঘন করিলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য সংশ্লিষ্ট বিমান সংস্থার বিরুদ্ধে আইনের বিধান অনুসারে দণ্ড আরোপ করা যাইবে।

#### পরিশিষ্ট-‘ক’

বিমান টিকিট বিক্রয় সম্পর্কিত মাসিক প্রতিবেদন

[বিধি ৩(৩) দ্রষ্টব্য]

- (১) ফ্লাইট নং:
- (২) বিমান সংস্থার নাম:
- (৩) ঠিকানা:
- (৪) যাত্রী বিভাজন:
  - (ক) মোট আরোহনকৃত যাত্রীর সংখ্যা:
  - (খ) অব্যাহতিপ্রাপ্ত যাত্রীর সংখ্যা:
- (৫) অঞ্চলভিত্তিক বিভাজন:
  - (ক) আবগারি শুল্ক (সার্কভুক্ত দেশসমূহ):
  - (খ) আবগারি শুল্ক (সার্কভুক্ত ও দূরপ্রাচ্যের দেশসমূহ ব্যতীত এশিয়ার অন্যান্য দেশ) :
  - (গ) আবগারি শুল্ক (উত্তর/দক্ষিণ আমেরিকা, ইউরোপ, আফ্রিকা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, জাপান, চীন, ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া, তাইওয়ান, উত্তর/দক্ষিণ কোরিয়া):
  - (ঘ) মোট:
- (৬) পরিশোধিত আবগারি শুল্কের সমর্থনে ট্রেজারি চালানের নং ও তারিখ:
- (৭) ফেরতকৃত আবগারি শুল্কের পরিমাণ:

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার বিমান সংস্থায় সংরক্ষিত রেজিস্টার/ তথ্যের ভিত্তিতে আমি প্রতিবেদন তৈরি করিয়া দাখিল করিলাম। ইহা সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

বিমান সংস্থার স্টেশন ম্যানেজারের স্বাক্ষর:

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ড. মো: সহিদুল ইসলাম]

প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)।

উৎস : বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, ১৮ অক্টোবর ২০১০; পৃ.৯৪৮১-৯৪৮৩।

<sup>১</sup> আবগারি এসআরও নং-৩১১, তারিখ: ২৯/০৬/২০১১।